

পরিবর্তন: ইতিবাচকভাবে স্কুল শুরু করার একটি উপায়

পরিবারবর্গকে *Transition Learning and Development Statement* টি পূরণ করতে সাহায্য করার পথনির্দেশ

ইতিবাচকভাবে স্কুল শুরু করা গুরুত্বপূর্ণ কেন ?

ইতিবাচকভাবে স্কুল শুরু করার ফলস্বরূপ আপনার শিশুর তার আশেপাশের চেনা পরিবেশের পরিবর্তনের সময়কালে এবং তার পরেও অধিকতর ভাল শিক্ষা ও সমৃদ্ধি লাভ হয়। কার্যকর ও ইতিবাচক পরিবর্তন নিশ্চিত করা আপনার শিশুর শিক্ষা ও উন্নতির ধারাবাহিকতায়ও সহায়তা করে। শিক্ষার ধারাবাহিকতার উপর আরো জোর দেওয়া স্বীকৃতি দেয় যে আপনার শিশুর আগের ও বর্তমানের অভিজ্ঞতার উপর গড়ে তুললে তা তাদেরকে লোকজন, স্থান, ঘটনা, রোজকার কাজকর্ম ও উপলব্ধির সঙ্গে সংযুক্ত হতে, নিরাপদ ও আত্মবিশ্বাসী বোধ করতে সাহায্য করে। ইতিবাচকভাবে স্কুল শুরু করার সঙ্গে অল্প বয়সী শিশুদের মধ্যে সরাসরি একটি পারস্পরিক সম্পর্কের দৃঢ়তা বৃদ্ধির সম্পর্ক রয়েছে।

TRANSITION LEARNING AND DEVELOPMENT STATEMENT কী?

শৈশবকালীন প্রারম্ভিক পরিষেবা, স্কুল, আউটসাইড স্কুল আওয়ার্স কেয়ার (OSHC) পরিষেবা এবং পরিবারবর্গ সবাই শিশুর ভাল শিক্ষা ও সমৃদ্ধি লাভের ক্ষেত্রে অংশীদার হন। পরিষেবাগুলি, পরিবারবর্গ ও স্কুলের মধ্যে তথ্য ভাগাভাগি আরো সহজ করার জন্য একটি পৃথক *Transition Learning and Development Statement* (পরিবর্তনসংক্রান্ত বিবরণ) প্রতিটি শিশুর জন্য স্কুলে

যাওয়ার শুরুতে শৈশবকালীন প্রারম্ভিক পরিষেবা দ্বারা লেখা হয়।

পরিবর্তনসংক্রান্ত বিবরণটি আপনার শিশুর শিক্ষার, উন্নতি এবং সমৃদ্ধি সম্বন্ধীত তথ্যকে শৈশবকালীন প্রারম্ভিক পরিষেবা ও স্কুলের মধ্যে ভাগ করে। পরিবর্তনসংক্রান্ত বিবরণটি আপনার শিশুর আগ্রহের বিষয়গুলি, দক্ষতা ও সামর্থ্যের বিবরণ দেয় এবং আপনার শিশুকে তার শিক্ষার যাত্রাপথে সহায়তা করতে শিক্ষা দেওয়ার স্বতন্ত্র পথ ও কৌশল নির্ধারণ করে।

পরিবর্তনসংক্রান্ত বিবরণটি স্কুলে ভর্তি হওয়ার মতো পরিবর্তনের সময়ে আপনার শিশুর শিক্ষার সম্বন্ধে বুঝতে, সমর্থন করতে,, সেই বিষয়ে যোগাযোগ রক্ষা করতে এবং পরামর্শ দিতে আপনাকে সাহায্য করতে পারে। পরিবর্তনসংক্রান্ত বিবরণের তথ্য প্রারম্ভিক শিক্ষককে আপনার শিশুকে তাড়াতাড়ি বুঝতে এবং যথাপযুক্ত শিক্ষা ও শিক্ষাদান কার্যক্রমের পরিকল্পনা করতে সাহায্য করে। আপনি যদি আপনার শিশুকে OSHC-এ পাঠানোর পরিকল্পনা করেন, তাহলে পরিবর্তনসংক্রান্ত বিবরণটি আপনার শিশুর OSHC পরিষেবায় এনগেজ হওয়ার ক্ষেত্রে OSHC শিক্ষাদাতাদেরকেও সাহায্য করে এবং সেটিংস-এর মধ্যে ধারাবাহিকতা রক্ষা করতে সহায়তা করে।

আপনার শিশুর পরিবর্তনসংক্রান্ত বিবরণে আপনার শিশুর নাম, জন্ম তারিখ ও ফটো, আপনার নাম ও যোগাযোগের বিস্তারিত বিবরণ সহ কিছু ব্যক্তিগত তথ্য থাকে। এতে আপনার শিশুকে তার শৈশবকালে সাহায্য করছেন এমন অন্যান্য প্রারম্ভিক পেশাদার ব্যক্তিদের নাম ও যোগাযোগের বিস্তারিত বিবরণও থাকতে পারে।

আপনার শিশুর পরিবর্তনসংক্রান্ত বিবরণবিবরণে অবদান থাকে, স্কুলে ভর্তি হওয়ার মতো র পরিবর্তনমূলক ক্রিয়াকলাপের এমন একটি কাজ যাতে আপনার শিশু এবং আপনি স্কুল শুরুর আগে এবং স্কুল চলাকালীন সারা বছর ধরে অংশ নিতে পারেন।

পরিবর্তনসংক্রান্ত বিবরণের কোন অংশ আমি পূরণ করব ?

সেকশন ১ এবং ১.১ আপনার শিশুর শৈশবকালীন প্রারম্ভিক শিক্ষাদাতা সম্পন্ন করবেন।

সেকশন ১.২ আপনার শিশুর শৈশবকালীন প্রারম্ভিক শিক্ষাদাতা সম্পন্ন করতে পারেন যদি আপনার শিশুর কোন উন্নয়নমূলক বিলম্ব বা বিকলতা থাকে। আপনার শিশুকে সাহায্য করছেন এমন অন্যান্য শৈশবকালীন প্রারম্ভিক পেশাদার ব্যক্তির সাথে এই অংশে অবদান রাখতে পারেন।

সেকশন ২: কোনও প্রাপ্তবয়স্ক ব্যক্তির সঙ্গে যাঁকে আপনার শিশু চেনে ও যাঁর সঙ্গে তারা সহজ বোধ করে, তার সহায়তায় *দ্য চাইল্ড* অংশটিকে আপনার শিশু সম্পন্ন করবে। সেই ব্যক্তি আপনি বা আপনার শিশুর শৈশবকালীন প্রারম্ভিক শিক্ষাদাতাও হতে পারেন।

সেকশন ৩: *দ্য ফ্যামিলি* অংশটিকে আপনি পূরণ করবেন। আপনার শিশুর পরিবর্তনসংক্রান্ত বিবরণে আপনার দৃষ্টিভঙ্গি থেকে অবদান থাকা গুরুত্বপূর্ণ। এই অংশে আপনার বুঝতে সাহায্য করার জন্য এক গুচ্ছ প্রশ্ন রয়েছে। এই প্রশ্নমালার কিছু বা সবগুলির জবাব আপনার শিশুর শিক্ষক এবং OSHC শিক্ষাদাতাকে (যে ক্ষেত্রে প্রযোজ্য) আপনার শিশু ও আপনার পরিবারের প্রতি যথাসম্ভাব্যে বুঝতে সাহায্য করবে এবং তা আপনার শিশুর শিক্ষা ও উন্নতিতে সহায়তা করবে।

পরিবর্তনসংক্রান্ত বিবরণে আমি আমার অংশ পূরণ করার পর কী হয়?

আপনার *সেকশন ৩: দ্য ফ্যামিলি* অংশ পূরণ করার পর অংশটি আপনার শিশুর শৈশবকালীন প্রারম্ভিক শিক্ষাদাতাকে দিন। আপনি আপনার শিশুকে *সেকশন ২: দ্য চাইল্ড* অংশ পূরণ করতে সাহায্য করে থাকলে তা *সেকশন ৩-এর* সঙ্গে ফেরৎ দিন।

আপনার শিশুর শৈশবকালীন প্রারম্ভিক শিক্ষাদাতা পরিবর্তনসংক্রান্ত বিবরণের সব সেকশনগুলি সংগ্রহ করে আপনাকে একটি সম্পন্ন কপি দেবেন।

আপনার শিশুর শৈশবকালীন প্রারম্ভিক শিক্ষাদাতা পরিবর্তনসংক্রান্ত বিবরণের একটি সম্পন্ন কপি আপনার শিশুর স্কুল এবং OSHC পরিষেবার সঙ্গেও (যে ক্ষেত্রে প্রযোজ্য) ভাগাভাগি করবেন।

আপনি যদি নিশ্চিত না থাকেন যে আপনার শিশু কোন স্কুলে ভর্তি হবে, তাহলে আপনার শিশুর শৈশবকালীন প্রারম্ভিক শিক্ষাদাতা পরিবর্তনসংক্রান্ত বিবরণের একটি দ্বিতীয় কপি আপনাকে দেবেন যাতে আপনি আপনার শিশুকে স্কুলে ভর্তি করার সময়ে তার স্কুলে তা দিতে পারেন।

যদি *সেকশন ৩: দ্য ফ্যামিলি* অংশটিকে পরিষেবা ফেরৎ না দেন, তাহলে আপনার শিশুর শৈশবকালীন প্রারম্ভিক শিক্ষাদাতা সম্পন্ন অংশগুলি আপনার শিশুর স্কুল এবং OSHC পরিষেবার সঙ্গে (যে ক্ষেত্রে প্রযোজ্য) ভাগাভাগি করবেন এবং যা ভাগাভাগি করা হয়েছে তার একটি কপি আপনাকে রাখার জন্য দেবেন।

গবেষণা এবং স্কুল থেকে পাওয়া ফিডব্যাক এটাই নির্দেশ করে যে এই তথ্য ভাগ করার বিষয়টি স্কুলে ভর্তি হওয়ার মতো একটি সফল পরিবর্তনে সহায়তা করে। অবশ্য, আপনি যদি আপনার শিশু সম্বন্ধে কোনও প্রাসঙ্গিক তথ্য আপনার শিশুর স্কুলের সঙ্গে ভাগ করতে না চান, তাহলে তা আপনার শিশুর শৈশবকালীন প্রারম্ভিক শিক্ষাদাতার সঙ্গে আলোচনা করুন।

আরো তথ্যের জন্য

অনুগ্রহ করে দেখুন

www.education.vic.gov.au/transitiontoschool

এই দলিলটি বহু সামাজিক ভাষায় অনুবাদ করা হয়েছে যা www.education.vic.gov.au/transitiontoschool থেকে পাওয়া যায়।